

বার্ষিক প্রতিবেদন

২০১৮ - ২০১৯ অর্থ বছর



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০

bpi.gov.bd

বিপিআই.বাংলা

বার্ষিক প্রতিবেদন

২০১৮ - ২০১৯ অর্থ বছর



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০

bpi.gov.bd

বিপিআই.বাংলা



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

সম্পাদনায় : মাহবুবা ফারজানা
পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ),
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
: মোঃ সাহিদুজ্জামান
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
: দিলারা পারভীন
সহকারী পরিচালক (প্রশাসন শাখা)
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

প্রকাশনায় : **বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট**
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা - ১২৩০
ফোন : ৮৮০-২-৪১০৯০০৩৫, ফ্যাক্স : ৮৮০-২-৮৯৩৩৩৩৬
ওয়েব সাইট: bpi.gov.bd ও বিপিআই.বাংলা

প্রকাশকাল : **সেপ্টেম্বর, ২০১৯**



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

প্রসঙ্গ কথা

বাংলাদেশ ইতোমধ্যে নিম্ন আয়ের দেশ হতে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে। বাংলাদেশের মতো দেশের ক্রমবর্ধমান সামগ্রিক উন্নয়নে জ্বালানি শক্তির ভূমিকা অপরিসীম। সাম্প্রতিক বছর গুলোতে বাংলাদেশে জ্বালানির চাহিদা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। এই চাহিদা পূরণে বিপিআই জ্বালানি (তেল, গ্যাস ও কয়লা) ও খনিজ সম্পদ খাতে রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থায় কর্মরত পেশাজীবী কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান করে কর্মদক্ষ জনবল গঠনের মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ খাতের কর্মদক্ষতা বৃদ্ধিতে সহায়তা করে আসছে।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট বর্তমান সময়ের প্রাসঙ্গিক ও বাস্তবমুখী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দেশের জ্বালানি ও খনিজ সম্পদ অনুসন্ধান, উৎপাদন, বন্টন, ব্যবস্থাপনা ও উন্নয়নে ভূমিকা রাখে। বিপিআই দৃঢ়ভাবে বিশ্বাস করে যে প্রশিক্ষণ ও কর্মশালার মাধ্যমে দক্ষ জনবল তৈরী ও উন্নয়ন সাধন সম্ভব। দক্ষ জনবলই একটি সংস্থার/প্রতিষ্ঠানের প্রকৃত সম্পদ। বিগত কয়েক বছরের মধ্যে ২০১৮-১৯ অর্থ বছরে সবচেয়ে বেশি পরিমাণ প্রশিক্ষণার্থী বিপিআই কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণ করেন। আমরা আশা করছি আগামীতে বিপিআই কর্তৃক অনুষ্ঠিতব্য বিভিন্ন প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা ক্রমাগত বৃদ্ধি পাবে। জ্বালানি ও খনিজ সম্পদ খাতে উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ, কর্মশালা ও গবেষণার মানকে আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করা ও গ্রহণযোগ্যতা অর্জনে বিপিআই সর্বদা অবিচল থাকবে।

মহাপরিচালক (অতি: দায়িত্ব)
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই)



সূচিপত্র

ক্রমিক নং	পরিচ্ছেদ	বিষয়	পৃষ্ঠা নং
১।	প্রথম পরিচ্ছেদ	: বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট পরিচিতি	০১
২।	দ্বিতীয় পরিচ্ছেদ	: বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট - এর জনবল কাঠামো	০৫
৩।	তৃতীয় পরিচ্ছেদ	: প্রশিক্ষণ চিত্র জুলাই ২০১৮-জুন ২০১৯	০৭
		চিত্রে বিপিআই কর্তৃক বাস্তবায়িত প্রশিক্ষণ কার্যক্রম	১০
		চিত্রে বিপিআই কর্তৃক বাস্তবায়িত কর্মশালা	১১
		চিত্রে বিপিআই কর্তৃক বাস্তবায়িত অন্যান্য কার্যক্রম	১৫
৪।	চতুর্থ পরিচ্ছেদ	: বাজেট ও হিসাব (জুলাই ২০১৮ - জুন ২০১৯ অর্থ বছর)	১৭
৫।	পঞ্চম পরিচ্ছেদ	: বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট - এর অর্জন ও ভবিষ্যৎ পরিকল্পনা	২০
৬।		উপসংহার	২১

প্রথম পরিচ্ছেদ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

ভূমিকা

১৯৮১ সালের জানুয়ারি মাসে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে উন্নয়ন প্রকল্প হিসাবে “বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট” নামে এ প্রতিষ্ঠানের যাত্রা শুরু হয়। ১৯৮১-৯২ এবং ১৯৯২-৯৬ সময়কালে দুই পর্যায়ে ইউএনডিপি, নোরাড ও বাংলাদেশ সরকারের অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়ন করা হয় এবং উল্লিখিত সময়ে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নিজস্ব ভবনটি বাংলাদেশ সরকারের অর্থায়নে নির্মাণ করা হয়। পরবর্তীতে “বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট আইন-২০০৪” দ্বারা বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-এর অধীনে একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে আত্মপ্রকাশ করে। তেল, গ্যাস ও খনিজ খাতে কর্মরত কর্মকর্তা ও পেশাজীবীদের কারিগরি, প্রশাসনিক ও আর্থিক বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি, উচ্চতর গবেষণা, পেট্রোলিয়াম সংশ্লিষ্ট বিষয়ে যাবতীয় উপাত্তের সমন্বয়ে একটি ব্যবস্থাপনা ডাটা ব্যাংক এবং সংশ্লিষ্ট বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান করা বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর উদ্দেশ্য। বিপিআই ভবনটি উত্তরা মডেল টাউনে অত্যন্ত মনোরম পরিবেশে অবস্থিত। সম্প্রতি বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের মূল ভবনটি সংস্কার, মেরামত ও আধুনিকায়ন করার মাধ্যমে অধিকতর মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে (বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট) সহায়ক পরিবেশ তৈরীতে সক্ষমতা অর্জন করেছে।

বিপিআই এর পরিচালনা ব্যয় সরকারের রাজস্বখাত, পেট্রোবাংলা ও বিপিসি হতে অনুদান হিসেবে প্রাপ্ত অর্থ দ্বারা নির্বাহ করা হয়। এ ছাড়া প্রশিক্ষণ ও অন্যান্য খাত হতে প্রাপ্ত অর্থ দ্বারাও বিপিআই এর ব্যয় নির্বাহ করা হয়। তেল, গ্যাস ও খনিজ খাতে কর্মরত পেশাজীবী কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান, গবেষণা ও উন্নয়ন কার্যাদি এবং শিক্ষামূলক সমন্বিত সমীক্ষা পরিচালনা, প্রযুক্তি হস্তান্তর ত্বরান্বিতকরণ ও প্রযুক্তির উৎকর্ষ সাধন ইত্যাদি কার্যাদি বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের নিকট ন্যস্ত করা হয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের কর্মকান্ড ১০ সদস্য বিশিষ্ট গভর্নিং বোর্ডের নির্দেশনা মোতাবেক পরিচালিত হচ্ছে।

প্রতিবেদনাধীন সময়ে বিপিআই গভর্নিং বোর্ডের ০৪(চার)টি বোর্ড সভা অনুষ্ঠিত হয়েছে।



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

রূপকল্প (Vision)

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটকে আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানের সেন্টার অফ এক্সেলেন্স (Centre of Excellence) হিসাবে গড়ে তোলা।

অভিলক্ষ্য (Mission)

তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতে মানসম্পন্ন প্রশিক্ষিত মানব সম্পদ তৈরী।
কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. মানসম্পন্ন প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন
২. ওয়ার্কসপ/সেমিনার আয়োজন
৩. তেল, গ্যাস ও খনিজ সম্পদ বিষয়ে গবেষণা ও উন্নয়ন

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর উপর অর্পিত কার্যাবলি-

(ক) তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতের সকল পেশাজীবী ও কর্মকর্তার উচ্চতর প্রশিক্ষণ, উক্ত খাতের গবেষণা ও উন্নয়ন এবং শিক্ষা বিষয়ক কর্মকান্ড পরিচালনা ও ক্রমান্বয়ে এই সকল কর্মকান্ডের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে উপযোগী স্থাপনাদি উন্নয়ন ও সুযোগ সৃষ্টি এবং সংশ্লিষ্ট বিষয়ে উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও প্রকাশ করা;

(খ) তেল, গ্যাস ও খনিজ অনুসন্ধান কাজের সাথে সংশ্লিষ্ট সমীক্ষা, পরীক্ষা, উপাত্ত প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ ইত্যাদি পরিচালনা এবং এতদসংক্রান্ত গবেষণা পরিচালনা করা;

(গ) বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ের সরকারি, বেসরকারি সংস্থা ও বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্থাপন এবং ইন্সটিটিউটের কর্মকান্ডের ক্ষেত্রে আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা অর্জন ও স্বীকৃতি লাভের জন্য যৌথ কর্মসূচি গ্রহণ করা;

(ঘ) আধুনিক তথ্য প্রযুক্তির সাহায্যে তেল, গ্যাস ও খনিজ বিষয়ক একটি জাতীয় তথ্য ব্যাংক স্থাপন এবং ইন্সটিটিউট-কে পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ সেক্টরের রেফারেন্স কেন্দ্র হিসাবে প্রতিষ্ঠা করা;

(ঙ) জাতীয় তথ্য ব্যাংকে সংগৃহীত ও সংরক্ষিত বিভিন্ন উপাত্ত, প্রতিবেদন সংক্রান্ত তথ্য প্রকাশ ও বিক্রয় করা;



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

(চ) ইন্সটিটিউট কর্তৃক প্রদত্ত সার্ভিস ও ইন্সটিটিউট পরিচালিত যাবতীয় কর্মকান্ডের জন্য গভর্নিং বোর্ড কর্তৃক ধার্যকৃত ও অনুমোদিত হারে “ফি” গ্রহণ করা;

(ছ) ইন্সটিটিউটের প্রশিক্ষণ, গবেষণা ও উন্নয়ন কর্মকান্ডের জন্য প্রয়োজনীয় পরীক্ষাগার, ওয়ার্কশপ, ডরমিটরি ও অন্যান্য সুবিধাদি স্থাপন এবং রক্ষণাবেক্ষণ করা ও প্রাতিষ্ঠানিক উৎকর্ষ সাধনে বিশ্বের অন্যত্র পরিচালিত অনুরূপ ইন্সটিটিউটের সাথে যোগাযোগ ও সম্পর্ক স্থাপন করা।

গভর্নিং বোর্ড

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এর কর্মকান্ড নিম্নবর্ণিত ১০ (দশ) জন বোর্ড সদস্যদের নির্দেশনা মোতাবেক পরিচালিত হচ্ছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের মহাপরিচালক বোর্ডের সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করেন।

ক্রমিক নং	সংস্থার নাম	বোর্ডের সদস্য
(১)	সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	চেয়ারম্যান
(২)	চেয়ারম্যান, বিপিসি	সদস্য
(৩)	চেয়ারম্যান, পেট্রোবাংলা	সদস্য
(৪)	বিভাগীয় প্রধান, পেট্রোলিয়াম এন্ড মিনারেল রিসোর্সেস ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট, বুয়েট	সদস্য
(৫)	যুগ্ম-সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	সদস্য
(৬)	যুগ্ম-সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	সদস্য
(৭)	মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর	সদস্য
(৮)	চেয়ারম্যান, ভূতত্ত্ব বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
(৯)	বাংলাদেশ জিওলজিক্যাল সোসাইটির মনোনীত প্রতিনিধি	সদস্য
(১০)	মহাপরিচালক, বিপিআই	সদস্য সচিব



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট


প্রাতিষ্ঠানিক সদস্য পদ

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট, প্রশিক্ষণ ও উন্নয়ন সংশ্লিষ্ট একটি দেশীয় সমিতি
Society for Training and Development (BSTD)” এর প্রাতিষ্ঠানিক সদস্য।

“Bangladesh

ইন্সটিটিউটের অবস্থান

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট ঢাকা নগরীর শেষ প্রান্তে উত্তর ৮ নম্বর সেক্টরের ৫/এ নং প্লটে অত্যন্ত মনোরম পরিবেশে অবস্থিত।



চিত্র- ১: বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের অবস্থানগত মানচিত্র।



দ্বিতীয় পরিচ্ছেদ

বিপিআই এর জনবল কাঠামো

বিপিআই সীমিত সংখ্যক জনবল নিয়ে তার কর্মসূচি নির্ধারিত সময়ে সম্পন্ন করতে সচেষ্ট থাকে। ইতোমধ্যে বিপিআই এর অপ্রতুল জনবল জনিত সমস্যা নিরসনে গভর্নিং বোর্ড কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুসারে পদ সৃজনের সরকারি আদেশ (জিও) জারি করা হয়েছে এবং অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাঙ্কন করা হয়েছে। অনুমোদিত জনবল কাঠামো অনুসারে অত্র প্রতিষ্ঠানে বর্তমান জনবলের চিত্র নিম্নরূপ:

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	কর্মরত	শূন্য	মন্তব্য
১।	মহাপরিচালক	০১	০১	--	শ্রেণিতে নিয়োজিত
২।	পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)	০১	০১	--	শ্রেণিতে নিয়োজিত
৩।	প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও)	০২	--	০২	
৪।	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	০৩	০১	০২	
৫।	উপ-পরিচালক	০২	০১	০১	
৬।	বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও)	০৮	০২	০৬	
৭।	সহকারী পরিচালক	০৪	০৪	--	
	১ম শ্রেণির মোট	২১	১০	১১	
৮।	হিসাব রক্ষক-কাম-ক্যাশিয়ার	০১	০১	--	
৯।	টেকনিশিয়ান (ল্যাব/কম্পিউটার)	০২	০২	--	
১০।	পিএ	০৩	০১	০২	
১১।	নকশাকার	০১	০১	--	
১২।	সহকারী (স্টোর/হিসাব/প্রশিক্ষণ/লাইব্রেরি)	০৪	০৩	০১	
১৩।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৩	০২	০১	
১৪।	গাড়িচালক	০৪	০৩	০১	
	৩য় শ্রেণির মোট	১৮	১৩	০৫	
১৫।	ম্যাপ কপিয়ার/এমোনিয়া প্রিন্টার/পিপিপি অপারেটর	০২	০২	--	
১৬।	ল্যাব এটেনডেন্ট	০১	০১	--	
১৭।	অফিস সহায়ক (উচ্চ স্কেল)	০১	০১	--	
১৮।	অফিস সহায়ক	০৬	০৬	--	
১৯।	নিরাপত্তা প্রহরী	০৩	০৩	--	
২০।	ঝাড়ুদার	০১	০১	--	
২১।	মালী	০১	০১	--	
	৪র্থ শ্রেণির মোট	১৫	১৫	--	
	সর্বমোট: (১ম+৩য়+৪র্থ)	৫৪	৩৪	১৬	

বিপিআই এর জনবল কাঠামো অনুযায়ী বর্তমানে ১৬ টি পদ শূন্য আছে। তন্মধ্যে প্রথম শ্রেণির ১১টি পদ শূন্য থাকায় প্রশিক্ষণ ও গবেষণা কাজ ব্যাহত হচ্ছে। নিজস্ব জনবলের অভাবে শতভাগ প্রশিক্ষকই সরকারি কর্মকর্তা, জ্বালানি খাত বিষয়ক অভিজ্ঞ কর্মকর্তা, বাংলাদেশ আঞ্চলিক শক্তি কমিশন, ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর



বিশ্ববিদ্যালয় ও বুয়েটের শিক্ষকদের মধ্য হতে আগত আমন্ত্রিত অতিথি প্রশিক্ষক দ্বারা সকল প্রশিক্ষণ কোর্স-ই পরিচালনা করা হয়।

সম্প্রতি “বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০১৬” গেজেট বিজ্ঞপ্তি আকারে প্রকাশিত হয়েছে। বর্তমানে শূন্য পদে জনবল নিয়োগের বিষয়টি প্রক্রিয়াকরণ করা হচ্ছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর শূন্য পদ সমূহ জনবল নিয়োগের মাধ্যমে পূরণ করা হলে মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান ও গবেষণা কার্য পরিচালনা করতে সমর্থ হবে।

বিপিআইকে একটি আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসাবে গড়ে তুলতে হলে বর্তমান জনবল কাঠামোর পুনর্গঠন এবং প্রশিক্ষণ সংশ্লিষ্ট প্রয়োজনীয় যুগোপযোগী যন্ত্রপাতি সংগ্রহ করা প্রয়োজন। প্রতিবেদনাধীন সময়ে বিপিআই জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রত্যক্ষ সহযোগিতায় “বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নতুন ভবন নির্মাণ ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি, সফটওয়্যার (Training related equipments software) ও আসবাবপত্র সংগ্রহ” শীর্ষক প্রকল্প প্রস্তাবনা প্রেরণ করেছে।



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

তৃতীয় পরিচ্ছেদ

প্রশিক্ষণ

প্রশিক্ষণ

বিপিআই-এর ২০১৮-১৯ অর্থ বছরের প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার প্রণয়নের প্রাক্কালে জ্ঞানানি ও খনিজ সম্পদ সেক্টরের বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থা/কোম্পানি সমূহের প্রতিনিধিগণের সমন্বয়ে প্রশিক্ষণের চাহিদা নিরূপণের জন্য একটি সভা ১৪ মে, ২০১৮ইংতারিখেআয়োজন করা হয়। উক্ত সভায় ২০১৮-২০১৯ অর্থ বছরে বাস্তবায়িত কোর্সের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থিত প্রতিনিধিগণের চাহিদা ও মতামতের ভিত্তিতে বিপিআই এর ২০১৮-১৯ অর্থ বছরের জন্য নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার (সারণী-১) প্রণয়ন করা হয়, যা বিপিআই গভর্নিং বোর্ডের ৬২তম সভায় অনুমোদিত হয়।

সারণী ১ : ২০১৮-২০১৯ অর্থ বছরের অনুমোদিত প্রশিক্ষণ কোর্স ও কর্মশালার তালিকা

Bangladesh Petroleum Institute (BPI)

Proposed list of Training Courses for 2018–2019

Training Courses:

Sl. No.	Course Title / Topic	Duration	Tentative Time
1.	Foundation Course on Oil, Gas & Mineral Resource Sector	8 weeks	To be fixed later
2.	APA Performance, Monitoring, Evaluation & Related Topics	05 days	05-09 August 2018
3.	Material Engineering Codes & Standards	05 days	05-09 August 2018
4.	Taxation and Vat Management	10 days	09-20 September 2018
5.	Public Procurement Act & PPR - 2008	05 days	16-20 September 2018
6.	Project Management	10 days	30 September – 11 October 2018
7.	Handling of Disciplinary Cases and Conducting Departmental Inquiry	05 days	14-18 October 2018
8.	Welding and Non Destructive Testing (Jointly with AEC)	05 days	21-25 October 2018



9.	Plant Operation and Maintenance (Jointly with TICD)	10 days	21 October – 01 November 2018
10.	Financial Management [Auditing & Budgeting]	10 days	04-15 November 2018
11.	Occupational Safety, Health & Environmental Management	05 days	11-15 November 2018
12.	Inventory Control and Store Management	05 days	25-29 November 2018
13.	Gas Network Analysis	05 days	02-06 December 2018
14.	Storage Handling and Maintenance of POL Products and Aircraft Refueling	06 weeks	As mentioned by BA
15.	Fire Fighting, First Aid and Rescue Operation	03 days	18-20 December 2018
16.	Design, Construction, Operation and Maintenance of Gas Pipeline	10 days	30 December 2018 – 10 January 2019
17.	Corrosion Control and Cathodic Protection	05 days	20-24 January 2019
18.	Techniques of Presentation Skill	03 days	03-05 February 2019
19.	Sustainable Development Goal (SDG)	03 days	26-28 February 2019
20.	Supply Chain Management	10 days	10-21 January 2019
21.	Good Governance & HRM	05 days	10-14 March 2019
22.	Office Management	05 days	31 March – 04 April 2019
23.	Labor Law and Human Rights	05 days	07-11 April 2019
24.	Essential Managerial Skill & Techniques	05 days	21-25 April 2019
25.	Conflict and Stress Management	05 days	05-09 May 2019




Workshop for 2018–2019


Workshops:

Sl. No	Workshop Title / Topic	Duration	Tentative Date
1.	Annual Confidential Report (ACR) Writing	01 day	30 August 2018
2.	তথ্য অধিকার আইন- ২০০৯	01 day	13 September 2018
3.	Annual Performance Agreement (APA)	02 days	17-18 February 2019
4.	Innovative Idies and Skills	02 days	13-14 March 2019
5.	Annual Confidential Report (ACR) Writing	01 day	20 March 2019
6.	National Integrity Strategy (NIS)	01 day	06 May 2019

২০১৮-২০১৯ অর্থ বছরে বিপিআই গভর্নিং বোর্ডের অনুমোদিত প্রশিক্ষণ সূচি হতে ২৩ টি প্রশিক্ষণ কোর্স ও ০৬ টি ওয়ার্কসপ এবং অনুরোধে আয়োজিত বাংলাদেশ বিমান বাহিনীর ১টি প্রশিক্ষণ, পেট্রোবাংলার ২টি প্রশিক্ষণ ও তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোং লি: এর ২টি ওয়ার্কসপ এর মাধ্যমে মোট ৯ ৫৯ জন কর্মকর্তা/কর্মচারিকে প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়াও বিপিআই এর কর্মকর্তা/ কর্মচারিগণের জন্য ০৯ টি অভ্যন্তরীণ প্রশিক্ষণ/ কর্মশালা আয়োজন করা হয়। বিপিআই এর স্বল্প জনবল থাকা সত্ত্বেও সকল প্রশিক্ষণ কর্মসূচিই সফলভাবে সম্পন্ন হয়েছে। নিম্নে বাস্তবায়িত প্রশিক্ষণ কোর্স ও ওয়ার্কসপ (সংযোজনী-০১) এ অংশগ্রহণকারীর সংখ্যা পাই চিত্রের মাধ্যমে প্রদর্শন করা হল।




চিত্র- ২: ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়িত কারিগরি প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা।



চিত্র- ৩: ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়িত অ-কারিগরি/প্রশাসনিক ও আর্থিক প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা।




চিত্র- ৪: ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়িত কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যা।



চিত্র- ৫: ২০১৮-১৯ অর্থ বছরে অনুরোধক্রমে বাস্তবায়িত প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন কর্মশালা ও প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা ক্রমাগত বাড়ছে। নিম্নের স্তম্ভ লেখচিত্র বিগত পাঁচ অর্থ বছরের (২০১৩-১৪ থেকে ২০১৮-১৯ পর্যন্ত) বিপিআই এ অনুষ্ঠিত প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা নির্দেশ করছে। লেখচিত্রে দেখা যাচ্ছে যে, বিগত পাঁচ অর্থ বছরের মধ্যে ২০১৭-১৮ অর্থ বছরে অনুষ্ঠিত কর্মশালা ও প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা সবচেয়ে বেশি।



চিত্র-৬: বিগত অর্থ বছর ও ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়িত প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যার তুলনামূলক চিত্র।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক বাস্তবায়িত প্রশিক্ষণ প্রদান ও কর্মশালা সংক্রান্ত কিছু কর্মকান্ডের চিত্র নিম্নে প্রদান করা হল।



চিত্র-৭: ২০১৮-১৯ অর্থ বছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক বাস্তবায়িত প্রশিক্ষণ ও কর্মশালার কিছু খন্ড চিত্র।



চিত্র-৮: ২০১৮-১৯ অর্থ বছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক বাস্তবায়িত প্রশিক্ষণ ও কর্মশালার কিছু খন্ডচিত্র।

প্রশিক্ষণ প্রদান করা ছাড়াও বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) বিভিন্ন কর্মকান্ডে সক্রিয় অংশগ্রহণ করে এবং বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে। নিম্নে আলোচিত কিছু কর্মকান্ড ও কর্মসূচির চিত্র প্রদান করা হল।




চিত্র- ৯: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদত বার্ষিকিতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন।



চিত্র- ১০: বিপিআই কার্যালয়ের সৌন্দর্য বর্ধন কর্মসূচি।



চিত্র- ১১: বিপিআই এর কর্মকর্তা ও কর্মচারীগণকে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান।



চিত্র- ১২: অংশীজনের অংশগ্রহণে সভা।



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

নিজস্ব কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এর কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধিকল্পে দেশের অভ্যন্তরে ও বিদেশে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রেরণ করে। প্রতিবেদনাধীন বছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের ১জন কর্মকর্তা বিদেশে এবং ৯জন কর্মকর্তা ও ২০ জন কর্মচারী (মোট ২৯ জন) দেশের অভ্যন্তরে বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ কোর্স, ওয়ার্কশপ ও সেমিনারে অংশগ্রহণ করেন।

গ্রন্থাগার

প্রশিক্ষক ও গবেষকদের চাহিদা মেটাতে বিপিআইতে একটি সমৃদ্ধ গ্রন্থাগার রয়েছে। ২৯৬৪টি পুস্তক সমৃদ্ধ গ্রন্থাগারটিতে বেশির ভাগ কারিগরি বিষয়ের বই রয়েছে। তাছাড়া কিছু বিদেশি জার্নাল, প্রশাসনিক ও অন্যান্য পাঠ্য সামগ্রী রয়েছে। প্রতিবেদনাধীন সময়ে “নির্বাচিত ১০০ ভাষণ”, “বাংলাদেশের অগ্রগতি ও সমৃদ্ধির দশবছর ২০০৯-২০১৮” ৫ কপি, “চাকরির বিধানাবলী” ৩কপি বই লাইব্রেরির জন্য সংগ্রহ করা হয়। গ্রন্থাগারের বই উত্তোলন ও জমার ব্যবস্থা সনাতন নিয়মে হাতে কলমে খাতায় লিপিবদ্ধ করে পরিচালনা করা হয়।



চতুর্থ পরিচ্ছেদ

বাজেট ও হিসাব (২০১৮- ২০১৯ অর্থ বছর)

বাজেট ও হিসাব

বিপিআই এর আর্থিক হিসাব ও ব্যবস্থাপনার জন্য একটি হিসাব শাখা রয়েছে। যাবতীয় আয়-ব্যয়, আর্থিক লেনদেনসহ আর্থিক ব্যবস্থাপনার দায়িত্ব এ শাখা পালন করে থাকে।

বিপিআই একটি সংবিধিবদ্ধ সংস্থা হলেও সরকারি হিসাব পদ্ধতিই এখানে চালু রয়েছে। বিপিআই এর নিম্নলিখিত উৎস হতে তহবিল প্রাপ্ত হয় :

(ক) সরকারি অনুদান

(খ) পেট্রোবাংলার অনুদান

(গ) বিপিসির অনুদান

(ঘ) নিজস্ব আয়

সারণী ২ : ২০১৮-১৯ অর্থ বছরের আয়

ক্রমিক নং	উৎস	পরিমাণ
১।	সরকারি অনুদান	২,৩৬,৩০,০০০.০০
২।	পেট্রোবাংলা	৮০,০০,০০০.০০
৩।	বিপিসি	১৫,০০,০০০.০০
৪।	প্রশিক্ষণ ফি ও অন্যান্য	৫৮,৪০,৬০৬.০৭
৫।	এফডিআর এর সুদ	৭০,৯৭,৭৩২.৫২
৬।	এসটিডি'র সুদ	২,৫৩,৫১৮.০০

২০১৮-১৯ অর্থ বছরে বিপিআই পরিচালনার জন্য গভর্নিং বোর্ড কর্তৃক ৪,৪৩,২২,০০০/- (চার কোটি তেতাশ্লিশ লক্ষ বাইশ হাজার) টাকার বাজেট অনুমোদিত হয়। পরবর্তীতে উক্ত অর্থ বছরের জন্য ৩,১৬,৮৫,১৬৩/২৫ (তিন কোটি ষোল লক্ষ পচাশি হাজার একশত তেষট্টি টাকা পঁচিশ পয়সা) টাকার সংশোধিত বাজেট অনুমোদিত হয়। উক্ত বাজেটের বিপরীতে মোট ২,৯৩,৪০,৭২২.৭১ (দুই কোটি তিরানব্বই লক্ষ চল্লিশ হাজার সাতশত বাইশ টাকা একাত্তর পয়সা) টাকা ব্যয় হয়। উল্লেখ্য, ২০১৮-১৯ অর্থ বছরের বাজেটের আওতায় সরকারের সাধারণ মঞ্জুরী হিসাবে বরাদ্দকৃত/প্রাপ্ত ২,৩৬,৩০,০০০.০০ (দুই কোটি ছয়ত্রিশ লক্ষ ত্রিশ হাজার) টাকা হতে কর্মকর্তা ও কর্মচারীগণের বেতন-ভাতা খাতে ব্যয় হয় ২,১২,৮৫,৫৫৯.৪৬ (দুই কোটি বার লক্ষ পচাশি হাজার পঁচিশত উনষাট টাকা ছিচল্লিশ পয়সা) টাকা এবং অবশিষ্ট অব্যয়িত ২৩,৪৪,৪৪০.৫৪ (তেইশ লক্ষ চুয়াল্লিশ হাজার চারশত চল্লিশ টাকা চুয়ান্ন পয়সা) টাকা সরকারি কোষাগারে সমর্পণ করা হয়।



হিসাব নিরীক্ষা

বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক বিপিআই-এ বিগত ২০১০-২০১২ সময়কালে আর্থিক নিরীক্ষার অনিশ্পন্ন ১টি অডিট আপত্তি এবং ২০১২-১৮ সময়কালের আর্থিক নিরীক্ষায় উত্থাপিত ৪টি অডিট আপত্তি সহ মোট ৫টি অডিট আপত্তি অনিশ্পন্ন রয়েছে।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (The Annual Performance Agreement):

সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি (Government Performance Management System) এর আওতায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-এর সঙ্গে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর বার্ষিক ২০১৮-১৯ অর্থ বছরের কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী বিপিআই এর কার্যসমূহ এর মান অত্যন্ত ভাল।

ই-নথি

প্রতিবেদনাধীন সময়ে বিপিআই ই-নথির মাধ্যমে কার্যক্রম শুরু করে। এটুআই (Access to Information) কর্তৃক দপ্তর/সংস্থা (ছোট ক্যাটাগরি)-এর কার্যক্রমের বিস্তারিত রিপোর্টে জুন ২০১৮ মাসের ১৬৭টি সংস্থার মধ্যে বিপিআই-এর অবস্থান ১৩তম।

ইনোভেশন

২০১৮-১৯ অর্থ বছরে এটুআই (a2i) এর সহায়তায় বিপিআই-এ ইনোভেশন সংক্রান্ত ২ দিনের প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। এতে বিপিআই-এর ৪জন কর্মকর্তাসহ পেট্রোলিয়াম সেক্টরের বিভিন্ন প্রতিষ্ঠানের মোট ২৭ জন প্রশিক্ষণার্থী অংশ গ্রহণ করেন। এছাড়া (a2i) এর সহায়তায় ১দিনের উদ্ভাবনী কর্মকান্ডের ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে বিপিআই এর ১০জন কর্মকর্তা ও কর্মচারি অংশ গ্রহণ করেন।

শুদ্ধাচার

বিপিআই, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়ন কাঠামো প্রণয়ন করে এবং সে অনুযায়ী সময়ভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট হয়। উল্লেখ করা প্রয়োজন যে, শুদ্ধাচার পুরস্কার নীতিমালা, ২০১৭ অনুযায়ী ২০১৮-২০১৯ অর্থ বছরের ৯ম গ্রেডভুক্ত কর্মকর্তা বেগম দিলারা চৌধুরী, সহকারী পরিচালক (ভান্ডার) এবং ১৩ গ্রেডভুক্ত কর্মচারী জনাব মো: গাওস-ই-আজম, হিসাব রক্ষক কাম ক্যাশিয়ার-কে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়।



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

SIP (Small Improvement Project)

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর ২০১৮-২০১৯ অর্থ বছরে নিম্নবর্ণিত SIP কার্যক্রম গ্রহণ করা হয়।

১ প্রতিবন্ধীদের প্রবেশগম্যতা তৈরি

২। অফিসের নাম ফলক দৃশ্যমান স্থানে স্থাপন



কর্মকর্তার নাম :		পদবী :		জন্ম তারিখ		সংস্থায়িত হওয়ার তারিখ		পূর্তি ছুটি দিন	
জনাব মোঃ শাহজাহান		উপ-পরিচালক		01-12-1960		15-01-1991		401	

ক্রমিক নং:	কার্যকাল			গড় বেতনে অর্জিত ছুটি প্রাপ্য		অর্ধগড় বেতনে অর্জিত ছুটি প্রাপ্য		পূর্বের প্রাপ্য সহ গড় বেতনে অর্জিত ছুটি প্রাপ্য		পূর্বের প্রাপ্য সহ অর্ধগড় বেতনে অর্জিত ছুটি প্রাপ্য		পূর্তি ছুটি				অর্ধগড় প্রাপ্য অর্জিত ছুটি				
	হইতে	পর্যন্ত	মোট	বছর	মাস	বছর	মাস	বছর	মাস	বছর	মাস	হইতে	পর্যন্ত	গড় বেতনে	অর্ধগড় বেতনে	বিনা বেতনে	গড় বেতনে	অর্ধগড় বেতনে		
1	15-01-1991	11-09-1993	2	7	26	0	2	27	0	2	20	0	2	27	0	2	20	0	2	20

চিত্র- ১২: ২০১৮-১৯ অর্থ বছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক বাস্তবায়িত কিছু কর্মকান্ড।



পঞ্চম পরিচ্ছেদ

বিপিআই এর অর্জন ও ভবিষ্যৎ পরিকল্পনা

অর্জন

তেল, গ্যাস ও খনিজ খাতে সময়ের চাহিদা অনুসারে প্রশিক্ষণ প্রদান, গবেষণা পরিচালনা ও কারিগরি জ্ঞান বিনিময়ের জন্য যে দক্ষ জনশক্তির প্রয়োজন বিপিআই এ তা অপ্রতুল। তবে ইতোমধ্যে “বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৬” গেজেট আকারে প্রকাশিত হয়েছে। চাকরি প্রবিধানমালা হওয়ার পর বিপিআই শূন্য পদে জনবল নিয়োগের উদ্যোগ গ্রহণ করেছে। ফলে শূন্য পদে যোগ্য ও দক্ষ জনবল নিয়োগের মাধ্যমে বিপিআই জনবল সংক্রান্ত সংকট নিরসনে সক্ষম হবে।

এ ছাড়া বিপিআই প্রতিবেদনাধীন সময়ে নিম্নোক্ত কার্যক্রম সফলভাবে সম্পন্ন করেছে :

- অর্জিত ছুটির হিসাব বিবরণী সংক্রান্ত সফটওয়্যার তৈরি করা হয়েছে;
- প্রশিক্ষার্থীদের মতামত প্রদানের ফরম অনলাইনে চালুকরণ;
- প্রতিবন্ধীদের প্রবেশগম্যতা তৈরি;

ভবিষ্যৎ পরিকল্পনা

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এর সক্ষমতা বৃদ্ধির জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনায় এবং অত্র সেক্টরের বিভিন্ন প্রতিষ্ঠানের সহযোগিতায় সীমিত আকারে বিপিআই এর অবকাঠামোগত মেরামত ও সংস্কার কার্যক্রম সম্পন্ন হয়। এছাড়া বিপিআই এর চাকুরি প্রবিধানমালা গেজেট আকারে প্রকাশিত হওয়ার পর শূন্য পদে জনবল নিয়োগ প্রক্রিয়া শুরু হয়। আশা করা যায় বিপিআই এর শূন্য পদ সমূহ যোগ্যতা সম্পন্ন জনবল দ্বারা পূরণ করা সম্ভব হবে এবং প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে গতিশীলতা আসবে। ইতোমধ্যে বিপিআই প্রশিক্ষার্থীদের সুবিধার্থে ২৪ শয্যা বিশিষ্ট ডরমিটরি প্রস্তুত সম্পন্ন হয়েছে। ফলে প্রশিক্ষার্থীদের যে আবাসিক সংকট ছিল তা দূর হয়। ইতোমধ্যে “বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নতুন ভবন নির্মাণ ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি, সফটওয়্যার (Training Related Equipments Software) ও আসবাবপত্র সংগ্রহ” শীর্ষক প্রকল্প গ্রহণ এবং বর্তমান জনবল কাঠামোকে পুনর্গঠন করার উদ্যোগ নেয়া হয়েছে।



উপসংহার

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) ১৯৮১ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে জ্বালানি খাতে নিয়োজিত কারিগরি জনবলের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান ও গবেষণা পরিচালনা করে আসছে। বিপিআই অপ্রতুল জনবল, ভৌত সুবিধাদি, প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি, সফটওয়্যার ও আসবাবপত্রের যে সংকট রয়েছে তা সুরাহা করার জন্য ইতোমধ্যে উদ্যোগ গ্রহণ করেছে। এ সকল উদ্যোগের ফলে আশা করা যায়, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট জ্বালানি খাতে মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানব সম্পদ উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করবে। প্রতিষ্ঠানটি অচিরেই সকল সমস্যা কাটিয়ে উঠে তার উপর ন্যস্ত দায়িত্ব পালনে সক্ষম হবে। জ্বালানি খাতে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তুলে এ ইন্সটিটিউট তেল ও গ্যাস অনুসন্ধান, উৎপাদন ও বিতরণ প্রক্রিয়ার সাথে সম্পর্কযুক্ত বিভিন্ন সংস্থা ও দপ্তরের সক্ষমতা বৃদ্ধিতে অবদান রাখবে। ফলে জ্বালানি খাতে দক্ষ জনবলের ক্ষেত্রে বিদেশ নির্ভরতা হ্রাস করে নিজস্ব দক্ষ মানব সম্পদ গঠনে কার্যকর ভূমিকা রাখবে।

-----*****-----



বিপিআই কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরের বাস্তবায়িত প্রশিক্ষণ কোর্স ও ওয়ার্কশপের তালিকাঃ

ক্র. নং	প্রশিক্ষণেরনাম	প্রশিক্ষণার্থীর সংখ্যা	মেয়াদ
Technical			
০১।	Material Engineering Codes & Standards	১৭ জন	০৫-০৯ আগস্ট, ২০১৮
০২।	Plant Operation and Maintenance	১৫ জন	০৪-১৫ নভেম্বর, ২০১৮
০৩।	Gas Network Analysis	১৫ জন	০২-০৬ ডিসেম্বর, ২০১৮
০৪।	Corrosion Control and Cathodic Protection	২৫ জন	২০-২৪ জানুয়ারি, ২০১৯
০৫।	Welding and Non Destructive Testing (NDT)	১৬ জন	২৭-৩১ জানুয়ারি, ২০১৯
০৬।	Storage, Handling and Maintenance of POL Products and Aircraft Refueling [Bangladesh Army]	২০ জন	১৮ মার্চ-১১ এপ্রিল, ২০১৯
০৭।	Design, Construction, Operation and Maintenance of Gas Pipeline	৩০ জন	১৬-২৭ জুন, ২০১৯
	মোট	১৩৮ জন	
Non-Technical/Administrative & Financial			
০১।	APA , Performances, Monitoring, Evaluation & Related Topics	২৪ জন	০৫-০৯ আগস্ট, ২০১৮
০২।	Taxation & VAT Management	১৮ জন	০৯-২০ সেপ্টেম্বর, ২০১৮
০৩।	Public Procurement Act,2006 & PPR-2008	৬১ জন	১৬-২০ সেপ্টেম্বর, ২০১৮
০৪।	Project Management	৩২ জন	৩০ সেপ্টেম্বর-১১ অক্টোবর, ২০১৮
০৫।	Handling of Disciplinary Cases and Conducting Departmental Inquiry	১৯ জন	১৪-১৮ অক্টোবর, ২০১৮
০৬।	Occupational Safety, Health & Environmental Management	৩২ জন	১১-১৫ নভেম্বর, ২০১৮
০৭।	Inventory Control and Store Management	১৩ জন	২৫-২৯ নভেম্বর, ২০১৮
০৮।	Fire Fighting, First Aid and Rescue Operation	৩৬ জন	১৮-২০ ডিসেম্বর, ২০১৮
০৯।	Techniques of Presentation Skill	১৯ জন	০৩-০৫ ফেব্রুয়ারি, ২০১৯
১০।	Supply Chain Management	১৬ জন	০৩-১৪ ফেব্রুয়ারি, ২০১৯
১১।	Subsustainable Development Goal (SDG)	৩১ জন	০৩-০৫ মার্চ, ২০১৯
১২।	Good Governance and Human Resources Management	৩০ জন	১০-১৪ মার্চ, ২০১৯
১৩।	Office Management	৪৬ জন	৩১ মার্চ -৪ এপ্রিল, ২০১৯
১৪।	Labor Law and Human Rights	১৬ জন	০৭-১১ এপ্রিল, ২০১৯
১৫।	Essential Managerial Skill & Techniques	২২ জন	২১-২৫ এপ্রিল, ২০১৯
১৬।	Conflict and Stress Management	৪৭ জন	১৬-২০ জুন, ২০১৯
	মোট	৪৬২ জন	



Workshop			
০১।	Annual Confidential Report(ACR) Writing	৪০ জন	১৩ আগস্ট, ২০১৮
০২।	তথ্যঅধিকারআইন, ২০০৯	২৯ জন	১৩ সেপ্টেম্বর, ২০১৮
০৩।	Annual Performance Agreement (APA)	৩৬ জন	২৬-২৭ ফেব্রুয়ারি, ২০১৯
০৪।	Innovative Ideas and Skills	২৭ জন	১৩-১৪ মার্চ, ২০১৯
০৫।	Annual Confidential Report(ACR) Writing	৪৫ জন	২০ মার্চ, ২০১৯
০৬।	National Integrity Strategy (NIS)	১৮ জন	২৯ এপ্রিল, ২০১৯
	মোট	১৯৫ জন	
On Request			
০১।	Short Foundation Course for Newly Recruited Personnel of Petrobangla	২৮ জন	২৩ সেপ্টেম্বর-০৪ অক্টোবর, ২০১৮
০২।	Storage Handling and Maintenance of POL Products and Aircraft Refueling <i>Requested by Bangladesh Air Force</i>	২০ জন	১৪ অক্টোবর ০৮ নভেম্বর, ২০১৮
০৩।	Annual Confidential Report(ACR) Writing (Workshop) <i>Requested by TGTDC</i>	৪৯ জন	৩০ জানুয়ারি, ২০১৯
০৪।	Annual Confidential Report(ACR) Writing (Workshop) <i>Requested by TGTDC</i>	৪৭ জন	২৫ ফেব্রুয়ারি, ২০১৯
০৫।	Short Foundation Training Course for Newly Recruited Officers of Petrobangla	২০ জন	২৩ জুন-০৪ জুলাই, ২০১৯
	মোট	১৬৪ জন	
বিপিআই-এর কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রশিক্ষণ			
০১।	বিভিন্ন প্রকার ছুটি সংক্রান্ত, সরকারি কর্মচারি (আচরণ) বিধিমালা, ১৯৯৭ ও গণকর্মচারি শৃংখলা (নিয়মিত উপস্থিত) অধ্যাদেশ, ১৯৮২	২০ জন	১২ ডিসেম্বর, ২০১৮
০২।	জাতীয় শুদ্ধাচার কৌশল	১৫ জন	১৭ ডিসেম্বর, ২০১৮
০৩।	ই-নথি সংক্রান্ত	০৬ জন	২২ জানুয়ারি, ২০১৯
০৪।	ই-নথি সংক্রান্ত	০৫ জন	২৩ জানুয়ারি, ২০১৯
০৫।	ই-নথি সংক্রান্ত সঞ্জীবনী	১৯ জন	২৭-২৮ জানুয়ারি, ২০১৯
০৬।	সচিবালয় নির্দেশমালা, ২০১৪	১০ জন	৬ মে, ২০১৯
০৭।	জাতীয় শুদ্ধাচার কৌশল	১৫ জন	৬ মে, ২০১৯
০৮।	তথ্য অধিকার আইন, ২০০৯, জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা, ২০১৭ সম্পর্কে কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিতকরণ বিষয়ে কর্মশালা।	১৫ জন	২৩ মে, ২০১৯
০৯।	উদ্ভাবনী কর্মকাণ্ডের ওরিয়েন্টেশন কর্মশালা	১০ জন	৩০ মে, ২০১৯
	মোট =	১১৫ জন	